দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 22 AUG 2016 ...
পৃষ্ঠা ৪ ... কলাম ... ২ ...

# এইচএসসিতে চারটি কলেজ ও মাদ্রাসার সাফল্য

## হামদর্দ পাবলিক কলেজ

চলতি বছরের এইচএসসি পরীক্ষায় হামদর্দ পাবলিক কলেজে শতভাগ পাস করেছে। হামদর্দ ল্যাবরেটরিজ (ওয়াকফ) বাংলাদেশ-এর তথ্য ও গণসংযোগ পরিচালক কাজী মনসুর উল হক জানান, এ কলেজ থেকে ১৪২ জন পরীক্ষায় অংশগ্রহণ করে সকলেই পাস করেছে। কলেজের প্রিন্সিপাল প্রফেসর মো. সাদেকুর রহমান মজুমদার জানান, ১৪২ শিক্ষার্থীর মধ্যে ৯৫ জন জিপিএ-৫ পেয়েছে। ফলাফল প্রকাশের পর ক্যাম্পাসে উপস্থিত হন হামদর্দ-এর পরিচালক ফাউন্ডেশন লে. কর্নেল (অব.) মাহবুবুল আলম চৌধুরী ও পরিচালক এইচ আর ডি ডা. নার্গিস মারজান শিল্পী, পরিচালক বিক্রয় হাকীম সাইফুদ্দিন মুরাদ ভুঁইয়া।

## রেসিডেন্সিয়াল ল্যাবরেটরী কলেজ

ঢাকা মহানগরীর নিকুঞ্জতে অবস্থিত রেসিডেন্সিয়াল ল্যাবরেটরী কলেজ এবারও সাফল্যের ধারা অব্যাহত রেখেছে। ১৩৭ জন ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশ নেয় এবং পাসের হার ১০০%। বিজ্ঞান বিভাগে ৬৬ পরীক্ষার্থীর মধ্যে জিপিএ-৫ পেয়েছে ৩৯ জন। কলেজ গভর্নিং বডির সভাপতি এস. এফ. এ. এম শাহ্জাহান কৃতী শিক্ষার্থীদেরকে অভিনন্দন জানান। কলেজের প্রতিষ্ঠাতা আজিজুর রহমান সুমন জানান, কঠোর নিয়মানুবর্তিতার কারণেই এই ফলাফল অর্জন করা সম্ভব হয়েছে।

## আদর্শ ইসলামী মিশন মহিলা কামিল মাদ্রাসা

রাজধানীর মোহাম্মদপুরস্থ আদর্শ ইসলামী মিশন মহিলা কামিল মাদ্রাসা এবারও শতভাগ পাসের গৌরব অক্ষুণ্ণ রেখেছে। মাদ্রাসার প্রতিষ্ঠাতা প্রেসিডেন্ট হযরত আল্লামা সৈয়দ মাহবুবুর রহমান জৌনপুরী পীর সাহেব কেবলার তত্ত্বাবধানে এটি পরিচালিত। মাদ্রাসার অধ্যক্ষা মাওলানা কারী রওশন আরা নূরী বলেন, অত্র মাদ্রাসার অধিকাংশ ছাত্রী এতিম দরিদ্র হওয়া সত্ত্বেও এই ভালো ফলাফল একমাত্র আল্লাহর রহমত ও দয়াল নবীজী (সঃ) এর রূহানী ফয়েজের বরকত।

## কাগতিয়া এশাতুল উলুম কামিল মাদ্রাসা

চট্টগ্রামের কাগতিয়া এশাতুল উলুম কামিল মাদ্রাসা এ বছরও আলিম পরীক্ষায় সাফল্যের ধারা অক্ষুণ্ণ রেখেছে। চলতি বছর এ মাদ্রাসা থেকে ৩৯ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে। ভালো ফলাফলের জন্য শিক্ষার্থী ও অভিভাবকরা কাগতিয়া আলীয়া গাউছুল আজম দরবার শরীফের মহান মোর্শেদ আওলাদে মোস্তফা, খলিফায়ে রাসুল হযরত শায়খ ছৈয়্যদ গাউছুল আজম রাদ্বিয়াল্লাহু আনহুর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ এবং অধ্যক্ষ আল্লামা ছৈয়্যদ মুহাম্মদ মুনির উল্লাহ আহমদীকে ধন্যবাদ জানান। -প্রেস বিজ্ঞপ্তি